গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ
(স্থানীয় সরকার শাখা)
www.gopalganj.gov.bd

নম্বর: ০৫.৩০.৩৫০০.০১১.১১.০০৮.২৫. ১৭৫

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩২ / ১৪ আগস্ট ২০২৫

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্থানীয় সরকার বিভাগের ১৭ জুন ২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০০০.০১৮.১১.০০০২.১৭.১ নম্বর স্মারকের ছাড়পত্রের প্রেক্ষিতে গোপালগঞ্জ জেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদের শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা পদে নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত জাতীয় বেতন স্কেল ও শর্তাদি সাপেক্ষে গোপালগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত চাকরির আবেদনের নির্ধারিত ফরমে https://dcgopalganj.teletalk.com.bd এ অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও পদ সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা পদসংখ্যা- ০৬ টি | গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-) তৎসহ উক্ত পদে সরকার অনুমোদিত অন্যান্য ভাতাদি | ১৮-৩২ বছর | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমান ডিগ্রি থাকতে হবে।<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। |

**আবেদনের শর্তাবলি:**

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও গোপালগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। প্রার্থীর বয়সসীমা ১৯/০৮/২০২৫ তারিখে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়। এছাড়া বয়সসীমা সংক্রান্ত অন্যান্য প্রচলিত বিধি-বিধান প্রযোজ্য হবে।

৩। **মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত সনদসমূহের মূলকপি সঙ্গে আনতে হবে।**

(ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ;

(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র;

(গ) জাতীয় পরিচয়পত্র ও জন্মসনদ;

(ঘ) বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান হিসেবে আবেদনকারী প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত পিতার/মাতার মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) সনদ;

(ঙ)প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

(চ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদপত্র;

(ছ) তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদপ্রাপ্ত;

(ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক এর দপ্তর কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী পরিচয়পত্র বিষয়ক সনদপত্র;

(জ) ডাউনলোডকৃত Applicant's কপি।

(ঝ) বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত ইকুইভ্যালেন্স সনদ;

৪। কোটা সম্পর্কিত প্রচলিত সর্বশেষ সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

৫। এই নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদসমূহ পূরণের ক্ষেত্রে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী বিধিমালা, ২০১১ এবং এতদ্‌সংক্রান্ত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হবে।

৬। চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

৭। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলি পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন/সংশোধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৯। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থিত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১০। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:**

(ক) আগ্রহী প্রার্থীগণ https://dcgopalganj.teletalk.com.bd এ ওয়েবসাইটে প্রবেশ করে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরম পূরণ করতে পারবেন। **অনলাইনে আবেদনপত্র গ্রহণ ১৯/০৮/২০২৫ তারিখ সকাল ১০:০০ টা হতে শুরু হয়ে ০৮/০৯/২০২৫ তারিখ বিকাল ০৫.০০ টায় শেষ হবে।** উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থীগণ নিজের স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ Pixel) এবং রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) অনলাইন আবেদনপত্রে উল্লিখিত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র প্রেরণ করার পূর্বে আবেদন ফরমে তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন করা হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় **আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই** উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Prepaid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে উক্ত পদের জন্য ১০০/- (একশত) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ১২/- (বারো) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ১১২/- (একশত বারো) টাকা এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণের জন্য আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ০৬/- (ছয়) টাকাসহ অফেরত যোগ্য সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম ধাপ** SMS:

DCGOPALGANJ<space>user id লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে
Example: DCGOPALGANJ ABCDEFG and send to 16222

**দ্বিতীয় ধাপ** SMS:

DCGOPALGANJ<space>YES<space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে,
Example: DCGOPALGANJ YES 1234567 and send to 16222

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://dcgopalganj.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মুঠোফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online-এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে, বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা আবশ্যক।

ছ) SMS এ প্রেরিত USER ID এবং PASSWORD ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের নাম ইত্যাদি তথ্য সংবলিত রঙিন প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট করে নিবেন। প্রার্থী উক্ত প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk Prepaid Mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ USER ID এবং PASSWORD পুনরুদ্ধার করতে পারবেন।

* User ID জানা থাকলে: DCGOPALGANJ<space>Help<space>User<space>User ID & send to 16222

Example: DCGOPALGANJ Help User ABCDEF and send to 16222

* PIN জানা থাকলে:

DCGOPALGANJ<space>Help<space>PIN<space>PIN No & send to 16222

Example: DCGOPALGANJ Help PIN 1234567 and send to 16222

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসক গোপালগঞ্জ **এর** www.gopalganj.gov.bd এবং https://dcgopalganj.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য (www.gopalganj.gov.bd) ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে alljobs.query@teletalk.com.bd বা dcgopalganj@mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জব পোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: DC Gopalganj, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

Alljobs QR Code

(ট) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে কোন ভুলত্রুটি হলে বা প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(ঠ) ডিক্লারেশন: কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ এ জন্য দায়ী থাকবেন না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

বিশেষ দ্রষ্টব্য: শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে আগ্রহী প্রার্থীদের সতর্কতার সাথে অনলাইনে যথাযথভাবে আবেদন পূরণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ফি জমাদানসহ সকল প্রক্রিয়া সম্পন্ন করার জন্য পরামর্শ দেওয়া যাচ্ছে।

জেলা প্রশাসক গোপালগঞ্জ **এর ওয়েবসাইটে প্রবেশ এর** QR Code

জেলা প্রশাসক গোপালগঞ্জ এর টেলিটক পোর্টালে **প্রবেশ এর** QR Code


**মুহম্মদ কামরুজ্জামান**
জেলা প্রশাসক
গোপালগঞ্জ
ফোন: ০২৪৭৮৮২১৭২০
ই-মেইল: dcgopalganj@mopa.gov.bd

নম্বর: ০৫.৩০.৩৫০০.০১১.১১.০০৮.২৫-১৯৮/১(৫৫) তারিখ : ৩০ শ্রাবণ ১৪৩২ / ১৪ আগস্ট ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা;
০৫। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, ঢাকা;
০৬। জেলা প্রশাসক, ............................ (সকল);
০৭। পুলিশ সুপার, গোপালগঞ্জ;
০৮। উপপরিচালক, স্থানীয় সরকার, গোপালগঞ্জ;
০৯। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গোপালগঞ্জ;
১০। প্রশাসক, উপজেলা পরিষদ (সকল), গোপালগঞ্জ;
১১। প্রশাসক, পৌরসভা (সকল), গোপালগঞ্জ;
১২। উপজেলা নির্বাহী অফিসার (সকল),গোপালগঞ্জ;
১৩। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১তলা), হোল্ডিং#৩/এ,৫/এ,৭/এ রোড #১৭, গুলশান-১, ঢাকা-১২১২
১৪। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ (নিয়োগ বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৫। জেলা তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, গোপালগঞ্জ।
১৬। সম্পাদক, দৈনিক............................................
১৭। সম্পাদক, দৈনিক............................................
১৮। সম্পাদক, দৈনিক................................ (স্থানীয় পত্রিকা)

উক্ত বিজ্ঞপ্তিটি ১৬×৪" কলামে আপনার বহুল প্রচারিত পত্রিকায় আগামী ১৭/০৮/২০২৫ তারিখের মধ্যে ভিতরের পাতায় প্রকাশ করতঃ প্রকাশিত পত্রিকার ০৩(তিন) কপি সৌজন্য সংখ্যাসহ যথাযথভাবে বিল দাখিলের জন্য অনুরোধ করা হলো।

১৪/৮/২০২৫

জেলা প্রশাসক
গোপালগঞ্জ